তারিখ ... 01 JUL 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4 ...

সমকাল

# বেসরকারি শিক্ষক নিয়োগে আবেদন ২০ জুলাই থেকে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি স্কুল-কলেজে শিক্ষক নিয়োগের জন্য নিবন্ধন পরীক্ষায় প্রিলিমিনারিতে উত্তীর্ণদের আবেদনের সময় পরিবর্তন করেছে সরকার। নতুন সূচি অনুযায়ী, আগামী ২০ জুলাই থেকে ১০ আগস্টের মধ্যে প্রার্থীদের অনলাইনে আবেদন করতে হবে। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়েছে। আগে আবেদনের জন্য ১ থেকে ২৮ জুলাইয়ের মধ্যে সময় বেঁধে দেওয়া ছিল।

বিজ্ঞপ্তিতে বলা হয়, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষের (এনটিআরসিএ) ওয়েবসাইট ও অ্যাপের www.ntrca.gov.bd ও ngi.teletalk.com.bd মাধ্যমে আবেদন করা যাবে।

শিক্ষক নিয়োগের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো থেকে পাওয়া জেলা ও বিভাগীয় শহরভিত্তিক চাহিদার একটি একীভূত তালিকা এনটিআরসিএর ওয়েবসাইট ও অ্যাপে প্রকাশ করা হয়েছে বলে জানানো হয়। এনটিআরসির মাধ্যমে নিয়োগের জন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলো ওয়েবসাইট বা অ্যাপের মাধ্যমে গত ৬ থেকে ২৫ জুন নিজ প্রতিষ্ঠানের শূন্য পদে শিক্ষকের চাহিদা জানায়।

নিয়োগ বাণিজ্য ঠেকাতে গত বছরের ২১ অক্টোবর শিক্ষা মন্ত্রণালয় বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা সংশোধন করে, যার ফলে শিক্ষক নিয়োগে পরিচালনা পর্ষদের ক্ষমতা খর্ব হয়।